

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৭) মাথা ও কান মাসাহ করার জন্য নতুন পানি না নেওয়া

অনেকে দুই হাত ধৌত করার পর সরাসরি মাথা মাসাহ করে, নতুন পানি নেয় না। যেমন আশরাফ আলী থানবী (রহঃ) বলেছেন, 'কান ও মাথা মাছহে করার জন্য নতুন পানি নেয়ার প্রয়োজন নেই, ভেজা হাত দ্বারাই মাছহে করবে'।[1] এটি সুন্নাতের বরখেলাফ। কারণ রাসূল (ছাঃ) দুই হাত ধৌত করার পর নতুন পানি নিয়ে মাথা ও কান মাসাহ করতেন। যেমন- مَسَحَ بِرَأْسِهِ بِمَاءٍ غَيْرِ فَضَلْ يَدِهِ 'হাতের অতিরিক্ত পানি ছাড়াই তিনি নতুন পানি দ্বারা তাঁর মাথা মাসাহ করতেন'।[2]

ফুটনোট

- [1]. পূর্ণাঙ্গ নামায শিক্ষা, পৃঃ ৪২।
- [2]. ছহীহ মুসলিম হা/৫৮২, ১/১২৩ পৃঃ, 'নবী (ছাঃ)-এর ওয়ৃ' অনুচ্ছেদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1815

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন